# Times Today BD

জেলা প্রতিনিধি | ময়মনসিংহ | 03 June, 2025

জামালপুরের দেওয়ানগঞ্জ বাজারের ময়লার স্তুপে পড়ে থাকা একটি কালো ব্যাগ থেকে ৫টি মানুষের খুলি ও কঙ্কালের অংশবিশেষ উদ্ধার করেছে পুলিশ।এ ঘটনায় এলাকায় ব্যাপক চাঞ্চল্যের সৃষ্টি হয়েছে।

আজ মঙ্গলবার (৩ জুন) সকাল সাড়ে ১০টার দিকে স্থানীয়রা দেওয়ানগঞ্জ বাজারের একটি ময়লার স্তুপের পাশে পড়ে থাকা ব্যাগটি দেখতে পান।ব্যাগটি সন্দেহজনক মনে হলে তাঁরা বিষয়টি থানায় জানান।খবর পেয়ে দেওয়ানগঞ্জ মডেল থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে ব্যাগটি তল্লাশি করে ব্যাগের ভিতর থেকে ৫টি মানুষের মাথার খুলি ওঅন্যান্য হাড়গোড় উদ্ধার করে।

এ ঘটনার খবর ছড়িয়ে পড়লে উৎসুক জনতা ঘটনাস্থলে ভিড় করে।তবে এই রহস্যজনক কঙ্কাল উদ্ধারের ঘটনায় আতঙ্ক ও কৌতূহল বিরাজ করছে স্থানীয়দের মাঝে।

এ বিষয়ে দেওয়ানগঞ্জ মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাজমুল হাসান জানান, “একটি কালো ব্যাগের ভেতর থেকে ৫টি খুলিসহ মানুষের কঙ্কাল উদ্ধার করা হয়েছে।প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, কঙ্কাল চোর চক্র এগুলো কোথাও পাচার করতে গিয়ে ব্যর্থ হয়ে ফেলে রেখে গেছে।বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে, তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা নেওয়া হবে।”

উদ্ধার কঙ্কাল পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:08

URL: https://www.timestodaybd.com/public/mymensingh/6374723302